

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ

স্মারক নং- ২০১/২০১৭ এসসি (এডি)

তারিখঃ ১২/০৬/২০১৭ খ্রিঃ

কোটেশন আহ্বান


বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ১১ জন পুরুষ জমাদার ও ১ জন মহিলা জমাদার সর্বমোট ১২ জন জমাদারের (পতাকা - ক) শীতকালীন পোষাক (নীল রঙের ফুল প্যান্ট ও প্রিন্স কোর্ট এবং উলের কোর্ট/প্রিন্স কোর্ট) ক্রয়/তৈরীর সরবরাহের জন্য সরকারি বিধি মোতাবেক প্রকৃত আমদানীকারক/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাইতেছেঃ-

ক্রমিক নং	পোশাকের নাম	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
১.	নীল রঙের ফুল প্যান্ট ও প্রিন্স কোর্ট	১১ সেট	২,৯৯০/-	৩২,৮৯০/-
২.	উলের কোর্ট/প্রিন্স কোর্ট	১ সেট	২,৫০০/-	২,৫০০/-
সর্বমোট =				৩৫,৩৯০/-

কোটেশনের শর্তাবলী

- আগামী ১৯/০৬/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত আপীল বিভাগের সিস্টেম এনালিস্ট এর কক্ষে রক্ষিত বাঞ্ছিত কোটেশন দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা ১২.৩০ ঘটিকার সময় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন বাস্তব খোলা হইবে।
- কোটেশনে উক্ত শীতকালীন সাজ-পোষাকসমূহের মূল্য পৃথকভাবে উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করিতে হইবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স এবং আনুসঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করতঃ কোটেশন দাখিল করিতে হইবে। খামের উপর কোটেশন শব্দটি উল্লেখ করিতে হইবে।
- কোটেশনের সহিত মোট মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হইবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে।
- কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার শীতকালীন সাজ-পোষাক সরবরাহকৃত তারিখ হতে ৬ (ছয়) মাস পর্যন্ত সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষিত থাকিবে।
- কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে কোটেশনে উপরে-উল্লেখিত শীতকালীন সাজ-পোষাকসমূহ সরবরাহ পূর্বক প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতঃ চালানসহ ৩ (তিন) কপি বিল অত্র অফিসের কোর্ট অফিসার শাখায় দাখিল করিতে হইবে।
- অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেড়া বা ফ্লু-ইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে কোন কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নহে।
- কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন প্রস্তাব গ্রহণে বাধ্য নহে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

আদেশক্রমে,



(জেমস রিচার্ড ক্রুশ)

ডেপুটি রেজিস্ট্রার

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা।

প্রচারের জন্য অনুলিপিঃ-

- নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।
- নোটিশ বোর্ড, আইন কমিশন, ঢাকা।
- নোটিশ বোর্ড, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন।
- বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট।